

২০২৩

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাধারণ

পত্র : LCC(2)-2

(সাময়িকপত্র ও কথাসাহিত্য)

পুর্ণমান - ৬৫

প্রাতলিখিত সংখ্যাগুলি পুর্ণমান নির্দেশক।  
উভয় যথাসন্তোষ নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) ‘পরিচয়’ পত্রিকাকে কেন্দ্র করে এক নতুন ধরনের সাহিত্য রচনার প্রবণতা দেখা যায়। — আলোচনা করো। ১০

অথবা,

(খ) ‘কল্পনা’ পত্রিকা কত সালে কাদের যৌথ প্রচেষ্টায় প্রথম প্রকাশিত হয়? রবীন্দ্রভাবাদর্শ-প্রভাবমুক্ত এই পত্রিকার মাধ্যমে কীভাবে আধুনিক বাংলা সাহিত্যের সূত্রপাত ঘটেছিল আলোচনা করো। ২+৮

২। (ক) ‘রজনী’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা,

(খ) ‘রজনী’ উপন্যাসের লবঙ্গলতা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

৩। (ক) ধর্মান্ধতার বিষময় ফল ও পরিণতিকে ছাপিয়ে ‘আদাব’ গল্পটি হয়ে উঠেছে সম্প্রীতি ও মানবতার প্রতীক। — আলোচনা করো। ১০

অথবা,

(খ) ‘চোর’ গল্পের কাহিনি বিশ্লেষণ করে নামকরণের সার্থকতা বিচার করো। ১০

৪। (ক) বাংলা সাহিত্যের সামগ্রিক বিকাশ ও উন্নয়নে ‘ভারতী’ পত্রিকার ভূমিকা সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) উনিশ শতকের যুগ সন্ধিক্ষণে বাঙালি চেতনার প্রকাশে ‘সংবাদ প্রভাকর’-এর গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) ‘রজনী’ উপন্যাসের নায়ক বিচার করো। ৫

অথবা,

(খ) বক্ষিমচত্বের রোমান্স প্রবণতা ‘রজনী’ উপন্যাসটিকে দুর্বল করেছে কি না আলোচনা করে বুঝিয়ে দাও। ৫

৬। (ক) ‘রেকর্ড’ গল্পটির বৈশিষ্ট্যের পরিচয় দাও।

৫

অথবা,

(খ) ‘অস্তঃসন্ধিলা’ গল্প অবলম্বনে শকুন্তলা দেবীর চরিত্রটি বিশ্লেষণ করো।

৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।

৫×১

(ক) তত্ত্ববোধিনী পত্রিকা

(খ) ‘রজনী’ উপন্যাসের হরলাল চরিত্র

(গ) ‘ছোটলোক’ গল্পের রাঘব সরকার।

৮। সংক্ষেপে পূর্ণ বাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) ‘প্রগতি’ পত্রিকা কাদের সম্পাদনায় প্রকাশিত হয়?

(খ) ‘সবুজপত্র’ পত্রিকা কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(গ) ‘কালিকলম’ পত্রিকা কত বছর স্থায়ী হয়েছিল?

(ঘ) ‘দিগ্দর্শন’ পত্রিকা প্রথম কবে প্রকাশিত হয়েছিল?

(ঙ) ‘কবিতা’ পত্রিকার সম্পাদক কে ছিলেন?

(চ) রজনী জৰ্মান্স থাকায় সবাই তাকে কী বলে ডাকত?

(ছ) “দেখ, তোমার জন্যে আমরা তিনজনে প্রাণ দিতেও পারি, ..., ?” — তিনজনের নাম লেখো।

(জ) ‘রজনী’ উপন্যাসে কে ‘আকাশ হইতে’ পড়েছে?

(ঝ) রামসদয় মিত্রের ক-টি ঘোড়া ছিল?

(ঝঃ) রজনী নাম কে রেখেছিলেন?

(ট) ‘রেকর্ড’ গল্পটি কোন্ যুদ্ধের পরিপ্রেক্ষিতে লেখা?

(ঠ) ‘টোবাটেক সিৎ’ গল্পে কোন্ সময়ের কথা লেখা হয়েছে?

(ড) মদনের হাদয়ে কাদের প্রতি তীব্র ঘৃণা চাপা রয়েছে?

(ঢ) ‘অস্তঃসন্ধিলা’ গল্পে প্রফেসর সেনের ভাই-এর নাম কী?

(ণ) ইসলামপুর ফাঁড়ির কাছাকাছি কোন্ ঘাট ছিল?